

## 💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ১৩০৪

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند على بن أبي طالب)

## আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ، حَدَّثِنِي نَصْرُ بْنُ عَلِيّ، وَعُبَيْدُ اللهِ بْنُ عُمَرَ، قَالَا: حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ عُمْرَ، قَالَا: حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ عُلْمَ ذَوْدَ، عَنْ نُعَيْمِ بْنِ حَكِيمٍ، عَنْ أَبِي مَرْيَمَ، عَنْ عَلِيّ: أَنَّ امْرَأَةَ الْوَلِيدِ بْنِ عُقْبَةَ أَتَتِ النَّبِيَّ صَلَلًى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: يَا رَسُولَ اللهِ، إِنَّ الْوَلِيدَ يَضْرِبُهَا \_ وَقَالَ نَصْرُ بْنُ عَلِيٍّ فِي حَدِيثِهِ: تَشْكُوهُ \_ قَالَ: " قُولِي لَهُ: قَدْ أَجَارِنِي ". قَالَ عَلِيٌّ: فَلَمْ تَلْبَثْ إِلا يَسِيرًا حَتَّى رَجَعَتْ " فَقَالَتْ: مَا زَادَنِي إِلا ضَرْبًا. فَأَخَذَ هُدْبَةً مِنْ تَوْبِهِ فَدَفَعَهَا إِلَيْهَا. وَقَالَ: " قُولِي لَهُ: إِنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ أَجَارِنِي ". فَلَمْ تَلْبَثْ إِلا يَسِيرًا حَتَّى رَجَعَتْ لَهُ إِنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ أَجَارِنِي ". فَلَمْ تَلْبَثْ إِلا يَسِيرًا حَتَّى رَجَعَتْ. لَفُا إِنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ أَجَارِنِي ". فَلَمْ تَلْبَثْ إِلا يَسِيرًا حَتَّى رَجَعَتْ. فَقَالَتْ: " اللهُمَّ عَلَيْكَ الْوَلِيدَ أَثِمَ بِي مَرَّتَيْنِ " وَهَذَا فَقَالَتْ: مَا زَادَنِي إِلا ضَرْبًا. فَرَفَعَ يَدَيْهِ وَقَالَ: " اللهُمَّ عَلَيْكَ الْوَلِيدَ أَثِمَ بِي مَرَّتَيْنِ " وَهَذَا لَفُظُ حَدِيثِ الْقَوَارِيرِيِّ وَمَعْنَاهُمَا وَاحِدٌ

إسناده ضعيف كسابقه

وأخرجه أبو يعلى (351) عن عبيد الله بن عمر، بهذا الإسناد وأخرجه البخاري في "رفع اليدين في الصلاة" (95) ، والبزار (767) ، والطبري في "تهذيب الآثار" ص 244 من طرق عن عبد الله بن داود، به. وانظر ما بعده

## বাংলা

১৩০৪। আলী (রাঃ) বলেছেন, ওয়ালীদের স্ত্রী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বললো, ইয়া রাসূলাল্লাহ, ওয়ালীদ আমাকে প্রহার করে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তাকে গিয়ে বল, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে আশ্রয় দিয়েছেন। আলী (রাঃ) বলেন, এর অল্প কয়েকদিন পর সে আবার এলো এবং বললো, এখন সে আমাকে আরো বেশি প্রহার করে। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম নিজের কাপড়ের একটা পাড় তাকে দিয়ে বললেন, (এটা দেখিয়ে) তাকে গিয়ে বল, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে আশ্রয় দিয়েছেন। এর অল্প কয়েকদিন পর সে আবার এল এবং বললো, এখন সে আমাকে আরো বেশি প্রহার করে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে আল্লাহ, তুমি ওয়ালিদকে সামলাও। সে দু'বার আমাকে অমান্য করেছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন